

# নির্বাচন কমিশন সচিবালয়

শেরেবাংলা নগর, ঢাকা

নং- ১৭.০০.০০০০.০৫৭.৭১.০০৪- ০৯

তারিখ : ১০/০২/২০১৬ ইং

## “RFQ বিজ্ঞপ্তি”

নির্বাচন কমিশন সচিবালয় এর সার্ভার ও ওয়ার্কস্টেশনগুলোতে লাইসেন্সসহ Antivirus ক্রয়ের লক্ষ্যে প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

### শর্তাবলীঃ

- ১। আগামী ১৮-০২-২০১৬ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নিম্ন-স্বাক্ষরকারীর অফিস কক্ষে সরাসরি/সাধারণ ডাকযোগে/ কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে কোটেশন দাখিল করা যাবে;
- ২। এতদসংক্রান্ত নির্ধারিত কোটেশন ফরম অত্র সচিবালয়ের আইসিটি সহায়তা শাখা হতে অথবা ওবেবসাইট হতে ১৭-০২-২০১৬ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সংগ্রহ করতে হবে;
- ৩। কোটেশন ফরমের প্রতি পৃষ্ঠায় দরদাতা প্রতিষ্ঠানের সীল এবং স্বাক্ষর থাকতে হবে।
- ৪। দরপত্রের সহিত হালনাগাদকৃত ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর প্রত্যয়নপত্র, ট্রেড লাইসেন্স এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট এর সত্যায়িত কপি দাখিল করতে হবে;
- ৫। কার্যাদেশ প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে এন্টিভাইরাস সরবরাহ এবং ইনস্টলেশন করতে হবে;
- ৬। বর্ণিত এন্টিভাইরাসের সরবরাহের কাজ সম্পাদন করে বিল পরিশোধের জন্য ৩(তিন) প্রস্থ বিল এ সচিবালয়ে দাখিল করতে হবে;
- ৭। যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করবার ক্ষমতা অত্র সচিবালয়ের রয়েছে;
- ৮। প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্য বিল হতে আয়কর ও ভ্যাটসহ অন্যান্য চার্জ প্রযোজ্য হারে কর্তন করা হবে।

(মুহাম্মদ আশরাফ হোসেন)

সিনিয়র মেনটেইনেন্স ইঞ্জিনিয়ার

ফোন: ৯১৮০৬৮১

### অনুলিপি বিতরণ :

- ১। নোটিশ বোর্ড, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
- ২। নোটিশ বোর্ড, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা
- ৩। নোটিশ বোর্ড, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা
- ৪। নির্বাচন কমিশন সচিবালয় ওয়েবসাইট ([www.ec.org.bd](http://www.ec.org.bd))
- ৫। অফিস নথি